HUMAN RIGHTS FORUM BANGLADESH (HRFB)

১৭ আগস্ট ২০২০

বরাবর
মাননীয় মন্ত্রী
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বিষয়ঃ যশোর শিশু উন্নয়ন কেন্দ্রে তিন কিশোর নিহত হওয়ার ঘটনায় জড়িতদের আইনানুগ শাস্তি নিশ্চিত করা এবং সকল শিশু উন্নয়ন কেন্দ্রে বিদ্যমান ব্যবস্থাপনা সংস্কারে কার্যকর পদক্ষেপ গ্রহণ করা প্রসঙ্গে

মহোদয়,

হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি) এর পক্ষ থেকে শুভেচ্ছা জানবেন। এইচআরএফবি ২০টি মানবাধিকার ও উন্নয়ন সংগঠনের একটি জোট যারা ২০০৭ সাল থেকে সরকারের মানবাধিকার সংক্রান্ত জাতীয় ও আন্তর্জাতিক অঙ্গীকারসমূহ বাস্তবায়নে সরকারকে সহযোগিতার মাধ্যমে দেশে মানবাধিকারের উন্নয়ন ও সুরক্ষায় কাজ করে যাচ্ছে।

যশোর শিশু উন্নয়ন কেন্দ্রে নৃশংসভাবে তিন কিশোর নিহত হওয়ার ঘটনা এবং দেশের বিভিন্ন শিশু উন্নয়ন কেন্দ্রে অব্যবস্থাপনা ও অনিয়মের অভিযোগগুলোর প্রতি এইচআরএফবি আপনার দৃষ্টি আকর্ষণ করছে। অভিযোগ উঠেছে, ১৩ আগস্ট ২০২০ যশোর শিশু উন্নয়ন কেন্দ্রে কর্মকর্তা-কর্মচারীদের নৃশংস নির্যাতনে পারভেজ হাসান রাব্বি (১৭), রাসেল ওরফে সুজন (১৭) এবং নাঈম হোসেন (১৭) নামের তিনজন শিশু নিহত হয়েছে এবং গুরুতর আহত হয়েছে প্রায় ১৫ জন। সন্ধ্যা সাতটার দিকে গুরুতর আহতদের যশোর জেনারেল হাসপাতালে নেওয়া হলে জরুরি বিভাগের চিকিৎসকরা তিনজনকে মৃত ঘোষণা করেন। আহত কিশোরদের ভাষ্য অনুযায়ী, গত ৩ আগস্ট কেন্দ্রের হেড গার্ড (আনসার সদস্য) এবং কিশোরদের মধ্যে চুল কাটার মতো সামান্য বিষয় নিয়ে গালাগালি ও মারামারি হয়, যার জের ধরে এই ঘটনা ঘটেছে। যশোর জেলা পুলিশ সুপার মুহাম্মদ আশরাফ হোসেনের প্রেস ব্রিফিংয়ে প্রকাশ করা বর্ণনা অনুযায়ী, যশোর শিশু উন্নয়ন কেন্দ্রে গত ১৩ আগস্ট সকালে একটি বৈঠকে উপস্থিত ১৯ কর্মকর্তা-কর্মচারী সিদ্ধান্ত নেয় যে কেন্দ্রের প্রধান প্রহরীকে আঘাত করা কিশোরদের অচেতন না হওয়া পর্যন্ত পেটানো হবে। একে একে ১৮ কিশোরকে আবাসিক ভবন থেকে ধরে আনা হয়। এরপর তাদের দুই হাত জানালার গ্রিলের মধ্যে আটকে, পা বেঁধে ও মুখে গামছা গুঁজে দিয়ে রড এবং ক্রিকেটের স্টাম্প দিয়ে পেটানো হয়। এতে মারা যায় ঐ তিন কিশোর এবং গুরুতর আহত হয় ১৫ জন।

উল্লেখ্য, বিভিন্ন অপরাধে জড়িত দেশের বিভিন্ন জেলার প্রায় ২৮০ শিশু আদালতের মাধ্যমে এ কেন্দ্রে অবস্থান করছিলো। এই কেন্দ্রসহ বিভিন্ন কিশোর উন্নয়ন কেন্দ্রের নানা অনিয়মের সংবাদ গণমাধ্যমে বিভিন্ন সময়ে প্রকাশিত হয়েছে। অধিকাংশ উন্নয়ন কেন্দ্রে শিশুদের ওপর নানা শারীরিক ও মানসিক নির্যাতন চালানোর ও তাদের প্রকৃত উন্নয়নের জন্য কার্যকর ব্যবস্থা অনুপস্থিত বলে অভিযোগ রয়েছে।

এ ধরনের ঘটনা বাংলাদেশের সংবিধানের ৩৫ (৫) অনুচ্ছেদ (যে কোনো ব্যক্তির নির্যাতন ও অন্যান্য নিষ্ঠুর, অমানবিক বা অবমাননাকর আচরণ বা শাস্তি প্রদান করা থেকে সুরক্ষা পাওয়ার অধিকার), জাতিসংঘ শিশু অধিকার সনদ এবং নির্যাতনবিরোধী সনদের আওতায় সুরক্ষিত অধিকারসমূহ লঙ্ঘিত হয়েছে। তাছাড়া দেশের প্রচলিত আইন, যেমন দন্ডবিধি ১৮৬০, নারী ও শিশু নির্যাতন দমন আইন ২০০০ (সংশোধনী ২০০৩), শিশু আইন ২০১৩ অনুযায়ী তা দন্ডনীয় ও শাস্তিযোগ্য অপরাধ। শিশু উন্নয়ন কেন্দ্রে শিশু-কিশোরদের সংশোধন ও উন্নয়নের জন্য হেফাজতে রাখা হয়। কাজেই কেন্দ্রের কর্তৃপক্ষ নির্যাতন ও হেফাজতে মৃত্যু নিবারণ আইন ২০১৩ এর আওতায়ও দন্ডনীয় ও শাস্তিযোগ্য অপরাধ করেছে।

Secretariat:
Ain o Salish Kendra (ASK)
2/16, Block-B, Lalmatia, Dhaka-1207
Phone: +88-02-810 0192, 810 0195, 810 0197 | Fax: +88-02-810 0187 | Email: ask@citechco.net | Web: www.askbd.org
Experts:
Dr. Hameeda Hossain, Sultana Kamal and Raja Devasish Roy
Forum Members:
Ain o Salish Kendra (ASK), Acid Survivors Foundation (ASF), Association for Land Reform and Development (ALRD), Bandhu Social Welfare Society (BSWS), Bangladesh Adivasi Forum, Bangladesh Dalit and Excluded Rights Movements (BDERM), Bangladesh Institute of Labor Studies (BILS), Bangladesh Legal Aid & Services Trust (BLAST), Bangladesh Mahila Parishad (BMP), FAIR, Kapaeeng Foundation, Karmojibi Nari (KN), Manusher Jonno Foundation (MJF), Nagorik Uddyog, Naripokkho, National Alliance of Disabled Peoples' Organizations (NADPO), Nijera Kori, Steps Towards Development (Steps), Transparency International Bangladesh (TIB), Women with Disabilities Development Foundation (WDDF).

যশোর শিশু উন্নয়ন কেন্দ্রে তিন কিশোর নিহত হওয়ার ঘটনাসহ দেশের শিশু উন্নয়ন কেন্দ্রগুলোর অনিয়ম ও অব্যবস্থাপনায় এইচআরএফবি গভীরভাবে উদ্বিগ্ন ও মর্মাহত। এ ধরণের ঘটনার পুনরাবৃত্তিরোধে এইচআরএফবি সরকারের কাছে নিম্নলিখিত দাবি জানাচ্ছে -

১. শিশু কিশোরদের নিরাপত্তা প্রদানে ব্যর্থ হওয়ায় কেন্দ্রের দায়িত্বে থাকা ব্যক্তিদের নিরপেক্ষ তদন্তসাপেক্ষে দ্রুততার সাথে আইনানুগ ব্যবস্থা নেয়া হোক। ইতোমধ্যে গঠিত তদন্ত কমিটিতে কমপক্ষে একজন মানবাধিকারকর্মী বা শিশু অধিকার বিশেষজ্ঞ অর্ন্তভূক্ত করা হোক;

২. এ ঘটনার ন্যায়বিচার নিশ্চিত করার পাশাপাশি নিহতদের পরিবার ও আহতদের যথাযথ ক্ষতিপূরণ প্রদান করা হোক;

৩. দেশের শিশু উন্নয়ন কেন্দ্রগুলো সম্পর্কে বিভিন্ন সময়ে উত্থাপিত অভিযোগসমূহ খতিয়ে দেখতে অতি সত্ত্বর সংশ্লিষ্ট বিষয়ে বেসরকারি পর্যায়ের বিশেষজ্ঞদের নিয়ে সম্পূর্ণ নিরপেক্ষ ও জনআস্থাপূর্ণ একটি কমিটি গঠন করা এবং সুনির্দিষ্ট ও স্বল্পতম সময়ের মধ্যে কমিটির সুপারিশ কার্যকরভাবে বাস্তবায়ন ও পুরো প্রতিবেদন সকলের জন্য প্রকাশ করা হোক;

৪. কমিটির প্রতিবেদন অনুযায়ী কেন্দ্রগুলোতে শিশু-কিশোরদের সুষ্ঠু বিকাশ ও সঠিক উন্নয়ন নিশ্চিত করার পরিবেশ তৈরির জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা ও পর্যবেক্ষণ ব্যবস্থা জোরদার করা হোক।

৫. সর্বোপরি, এ কেন্দ্রগুলোকে ‘উন্নয়ন কেন্দ্র’ হিসেবে প্রতিষ্ঠিত করার ওপর সর্বাধিক গুরুত্ব প্রদান করা হোক যাতে করে কেন্দ্রে থাকা শিশুদের সুনাগরিক হিসেবে গড়ে তোলা যায়।

এ বিষয়ে আপনার গৃহীত পদক্ষেপসমূহ ফোরামকে জানানোর অনুরোধ রাখছি।

ধন্যবাদসহ
হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি)’র পক্ষ থেকে-

অ্যাডভোকেট জেড আই খান পান্না
চেয়ারপারসন, আইন ও সালিশ কেন্দ্র (আসক)
সচিবালয়
হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি)

অনুলিপিঃ

১. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা, বাংলাদেশ।
২. সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা, বাংলাদেশ।
৩. সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা, বাংলাদেশ।

Secretariat:
Ain o Salish Kendra (ASK)
2/16, Block-B, Lalmatia, Dhaka-1207
Phone: +88-02-810 0192, 810 0195, 810 0197 | Fax: +88-02-810 0187 | Email: ask@citechco.net | Web: www.askbd.org
Experts:
Dr. Hameeda Hossain, Sultana Kamal and Raja Devasish Roy
Forum Members:
Ain o Salish Kendra (ASK), Acid Survivors Foundation (ASF), Association for Land Reform and Development (ALRD), Bandhu Social Welfare Society (BSWS), Bangladesh Adivasi Forum, Bangladesh Dalit and Excluded Rights Movements (BDERM), Bangladesh Institute of Labor Studies (BILS), Bangladesh Legal Aid & Services Trust (BLAST), Bangladesh Mahila Parishad (BMP), FAIR, Kapaeeng Foundation, Karmojibi Nari (KN), Manusher Jonno Foundation (MJF), Nagorik Uddyog, Naripokkho, National Alliance of Disabled Peoples' Organizations (NADPO), Nijera Kori, Steps Towards Development (Steps), Transparency International Bangladesh (TIB), Women with Disabilities Development Foundation (WDDF).